গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

২০২০-২০২১ অর্থ-বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)-এর ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে অংশীজনের অবহিতকরণ সভার (চতুর্থ) কার্যবিবরণী।

সভাপতি	ড. মহ: শের আলী যুগ্মসচিব
সভার তারিখ	২৯-০৬-২০২১
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানান যে, এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার বদলীজনিত কারণে এ বিভাগের সিটিজেনস চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুত করতে হবে। বার্ষিক কর্মসম্পদন চুক্তি'র (এপিএ) কর্মপরিকল্পনায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ১.৪.১ এ সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা ইতোমধ্যে প্রথম কোয়ার্টার সভা গত ১৩ অক্টোবর ২০২০ তারিখে, দ্বিতীয় কোয়ার্টার সভা গত ৩০-১২-২০২০ তারিখে এবং তৃতীয় কোয়ার্টার সভা গত ৩১-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। অদ্য চতুর্থ কোয়ার্টার সভা অনুষ্ঠিত হচ্ছে।

২। সভাপতি উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিকে এ বিষয়ে সচেষ্ট থাকতে এবং যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি উপস্থিত সকল দপ্তর/সংস্থার প্রতিনিধির কাছে তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি জানতে চাইলে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রতিনিধি তাদের প্রতিষ্ঠানের সিটিজেনস্ চার্টার অনুযায়ী সকল সেবা যথাসময়ে দেয়া হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক)	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
খ)	সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, মোবাইল ও ই-মেইল এড্রেস নিয়মিত হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড এবং সে অনুযায়ী সেবা প্রদান করতে হবে; এবং
গ)	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাকে আগামী ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে কমপক্ষে একটি অংশীজন সভা করে এ বিভাগকে অবহিত করতে হবে।

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মহ: শের আলী
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০০৪.২০.১৫২৬

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
৫) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (Blue Economy সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট।
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৮) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
৯) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১০) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১১) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর।
১২) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৫) অতিরিক্ত সচিব প্রশাসন এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৬) যুগ্মসচিব প্রশাসন এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৭) অফিস কপি।

এইচ. এম. খালিদ ইফতেখার
উপসচিব